

# Times Today BD

জেলা প্রতিনিধি | দেশজুড়ে | 20 April, 2025

শেরপুর সদরের লছমনপুর ইউনিয়নের কুসুমহাটি বাজার, হাতিআলগা এলাকা ও আশপাশের কয়েকটি স্থানে অভিযান চালিয়ে খাদ্যবান্ধব কর্মসূচির (ভিজিএফ) আওতায় বিতরণের প্রায় ২৯০০ কেজি চাল জব্দ করেছে সেনাবাহিনী।

শনিবার (১৯ এপ্রিল) রাতেজাতীয় নিরাপত্তা গোয়েন্দা সংস্থা (এনএসআই) এর গোপন সংবাদের ভিত্তিতে সেনাবাহিনী ও পুলিশ যৌথভাবে এই অভিযান পরিচালনা করে।

অভিযানকালে কুসুমহাটি বাজার থেকে ১২০০ কেজি, হাতিআলগা এলাকা থেকে ১৬১০ কেজি এবং একটি অটোরিকশা থেকে ৬০০ কেজি চাল উদ্ধার করা হয়। এসময় চাল পরিবহনে ব্যবহৃত ৩টি অটোরিকশা আটক করা হয়েছে। তবে সেনাবাহিনীর উপস্থিতি টের পেয়ে জড়িতরা পালিয়ে যায়।

জানা যায়, ঈদ উপলক্ষ্যে হতদরিদ্র পরিবারের জন্য বরাদ্দকৃত চাল কিছু অসাধু জনপ্রতিনিধি বিতরণ না করে সিভিকিটের মাধ্যমে বিক্রি করে দিচ্ছিল। সরকারি পাটের বস্তা পরিবর্তন করে এসব চাল প্লাস্টিকের বস্তায় ভরে স্থানীয় বাজারে বিক্রি করা হচ্ছিল। ঘটনার সঙ্গে জড়িতদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণের প্রক্রিয়া চলমান রয়েছে বলে জানিয়েছে প্রশাসন।

সেনাবাহিনীর পক্ষ থেকে অভিযান নেতৃত্ব দেন শেরপুর সেনা ক্যাম্পের দায়িত্বরত কেপ্টেন রায়হান রাফি।

চাল জব্দের বিষয়টি নিশ্চিত করে শেরপুর সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) জুবাইদুল

আমল তিনি বলেন, চাল থানায় নিয়ে আসা হয়েছে মামলা প্রক্রিয়াধীন।

শেরপুর সেনাবাহিনী চাল জব্দ

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 10:23

URL: <https://www.timestodaybd.com/public/across-the-country/1100349868>